বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) এর দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩
৩০ জুলাই ২০২৬

**নম্বর:** ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৭২৭

**দপ্তরাদেশ**

"ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন পুরাতন ব্রহ্মপুত্র নদের ভাঙ্গন হতে অষ্টধার ইউনিয়নস্থ সেনেরচর, রেহাই তারাপুর ও পরানগঞ্জ ইউনিয়নস্থ চর শ্রীকলদি গ্রাম রক্ষাকল্পে স্থায়ী তীর প্রতিরক্ষা কাজ" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত ডিপিপি প্রণয়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক সম্ভাব্যতা যাচাই-বাছাই করে হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন প্রণয়নের জন্য বাপাউবো'র নিম্নেবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধির আওতায় একটি কারিগরি কমিটি গঠন করা হলো।

| **ক্রম নং** | **কর্মকর্তাগণের নাম ও পদবী (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)** | **কমিটিতে অবস্থান** |
|---|---|---|
| **১।** | **তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা।** | **আহ্বায়ক** |
| ২। | জনাব মোঃ শরিফুল আলম, নির্বাহী প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব মোঃ মুস্তাফিজুর রহমান, সহকারী প্রধান (অর্থনীতি), অর্থনৈতিক পরিকল্পনা উইং, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | জনাব মোঃ তারিফুজ্জামান, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), প্রধান পানি ব্যবস্থাপনা (কমি.ডেভে.) এর দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| **৫।** | **নির্বাহী প্রকৌশলী (পুর), ময়মনসিংহ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ময়মনসিংহ ।** | **সদস্য সচিব** |

**কমিটির কার্যপরিধি :**

ক) কমিটির সদস্যগণ প্রস্তাবিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রকল্প সংশ্লিষ্ট অংশীজন/স্টেকহোল্ডার, স্থানীয় সংসদ সদস্য/জনপ্রতিনিধি/জনগণ, প্রশাসন এবং অন্যান্য সংশ্লিষ্ট সরকারী/বেসরকারী/এনজিও কর্মকর্তাগণের সাথে আলোচনার মাধ্যমে মতামত প্রদান;

খ) প্রস্তাবিত প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে নদী ভাঙনের গুরুত্ব ও ক্ষতি বিবেচনা করে দ্রুত কাজ বাস্তবায়নে ডিপিপি প্রণয়নের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম সুপারিশসহ প্রকৃতিভিত্তিক সমাধান/ব্যবস্থা (Nature based Solution) কে অগ্রাধিকার দিয়ে অন্তর্ভুক্তিমূলক/Inclusive মতামত উপস্থাপন;

গ) প্রযোজ্য ক্ষেত্রে পূর্ববর্তী কারিগরি/সমীক্ষা প্রতিবেদন পর্যালোচনা, প্রস্তাবিত প্রকল্পে জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব বিবেচনা পূর্বক প্রয়োজনীয় কার্যক্রম বিষয়ে কারিগরি তথ্য-উপাত্ত বিশ্লেষণে সুচিন্তিত ও সুস্পষ্ট মতামত প্রদান;

ঘ) বর্ণিত প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের ফলে সম্ভাব্য উপকারভোগীর সংখ্যা, কিভাবে উপকৃত হবে তার বিবরণ, উপকারপ্রাপ্ত নাগরিকের ধরণ (কৃষক, জেলে, তাঁতি, শিক্ষার্থী ইত্যাদি) সম্পর্কিত তথ্যাদি বিশ্লেষণসহ প্রকল্প বাস্তবায়নের সুফল সম্পর্কিত মতামত প্রদান;

ঙ) আলোচ্য প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের ফলে বাস্তবায়নকালীন সময়ে ও বাস্তবায়ন পরবর্তী সময়ে কী পরিমাণ প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান সৃষ্টি করবে সে সংক্রান্ত তথ্যাদি বিশ্লেষণসহ মতামত প্রদান;

চ) A3 সাইজের কাগজে মুদ্রিত প্রকল্প এলাকায় কি ধরনের কাজ করা হবে তা প্রদর্শন করে রঙিন সূচক/ইনডেক্স এবং সাইট প্লান ম্যাপ/মানচিত্র সংযোজন;

ছ) বাপাউবো'র চলতি অনুমোদিত দর তফসিল ও অনুমোদিত নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের ব্যয় প্রাক্কলন সর্ম্পকিত মতামত প্রদান;

জ) বিবিধ।


২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন। প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী বা অন্যত্র গমন করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।

৩। কমিটি পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে কারিগরি প্রতিবেদন ৩ (তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন। **এছাড়াও, স্বাক্ষরিত প্রতিবেদনের স্ক্যান করা কপি (.pdf ফরম্যাটে, অনধিক ২৫ MB) আবশ্যিকভাবে ডি-নথি/ইমেইলের মাধ্যমে সংযুক্ত করে অত্র দপ্তরে প্রেরণ করবেন।**

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

**<u>অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>**

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
২। জনাব মোঃ শরিফুল আলম, নির্বাহী প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। জনাব মোঃ মুস্তাফিজুর রহমান,সহকারী প্রধান (অর্থনীতি), অর্থনৈতিক পরিকল্পনা উইং, বাপাউবো, ঢাকা।
৪। জনাব মোঃ তারিফুজ্জামান, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), প্রধান পানি ব্যবস্থাপনা (কমি.ডেভে.) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। নির্বাহী প্রকৌশলী (পুর), ময়মনসিংহ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ময়মনসিংহ ।




৩০-০৭-২০২৬
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
ফোন : ০২২২২২৩০০৪০
ইমেইল : adg.planning@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩৩.৭১.০০০১.২৫.৭২৭/১ (৯)

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩
৩০ জুলাই ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতি. প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২। অতি. প্রধান প্রকৌশলী, ডিজাইন এন্ড রিসার্স, বাপাউবো, ঢাকা।
৩। অতি. প্রধান প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), পরিকল্পনা-১ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। যুগ্ম প্রধান, অর্থনৈতিক পরিকল্পনা উইং, বাপাউবো, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (দপ্তরাদেশটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭। জনাব আলী আহসান নিশাত, নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর ও ফোকাল কর্মকর্তা, কারিগরি কমিটি, বাপাউবো, ঢাকা।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৯। দপ্তর কপি।



৩০-০৭-২০২৬
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)